সংবাদ

20 OCT 2016

# পাবিপ্রবির নতুন উপ-উপাচার্য ড. আনোয়ারুল

নিজস্ব বার্তা পরিবেশক, পাবনা



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য হিসেবে যোগদান করেছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম। রোববার তিনি নতুন কর্মস্থলে যোগদান করেন। প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম এর পড়াশোনার হাতে খড়ি হয় পিতার চাকরির সুবাদে বগুড়া জেলার শিবগঞ্জে। ১৯৮৪ সালে কুষ্টিয়ার ভেড়ামারা পাইলট উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি এবং ১৯৮৬ সালে সিরাজগঞ্জ জেলার হাজী ওয়াহেদ মরিয়ম মহাবিদ্যালয় থেকে কৃতিত্বের সঙ্গে এইচএসসি পাস করেন। ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ইতিহাস বিভাগে ভর্তি হন এবং কৃতিত্বের সঙ্গে অনার্স ও মাস্টার্স ডিগ্রি লাভ করেন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাহিত্য, সাংস্কৃতিক অঙ্গনের প্রিয়মুখ ড. ইসলাম বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন। গবেষণার ক্ষেত্রেও তিনি পারদর্শিতা দেখিয়েছেন। ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ (আইবিএস) থেকে বাংলাদেশের অভ্যুদয়ে সংবাদপত্রের ভূমিকার উপর গবেষণা করে এমফিল ডিগ্রী অর্জন করেন।